দৈনিক ইনকিলাব

তারিখ MAR 1 1 1999
পৃষ্ঠা 2 কলাম ৫

122

সিলেটে ইসলামী ঐক্যজোটের সমাবেশে

# মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে এনজিও ও সেবাদাস বুদ্ধিজীবীদের ষড়যন্ত্র সফল হতে দেয়া হবে না

সিলেট অফিস ঃ ইসলামী শিক্ষার বিরুদ্ধে ষড়যন্ত্র এবং আলেম-উলামাদের উপর নির্যাতন বন্ধের দাবীতে ইসলামী ঐক্যজোট সিলেট জেলা শাখার উদ্যোগে গতকাল পৌর পয়েন্টে সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তারা বলেন, একজন আলেম বেঁচে থাকা অবস্থায় মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে বিদেশী এনজিও ও সেবাদাস বুদ্ধিজীবীদের ষড়যন্ত্র সফল হতে দেয়া হবে না। ইসলামী ঐক্যজোটের কেন্দ্রীয় নেতা খেলাফত মজলিসের নায়েবে আমির প্রিন্সিপাল মাওলানা হাবিবুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে অন্যান্যের মধ্যে সাবেক এমপি মাওলানা ওবায়দুল হক, ঐক্যজোটের কেন্দ্রীয় নেতা এডভোকেট মাওলানা আব্দুর রকিব, মাওলানা নেজাম উদ্দিন প্রমুখ বক্তব্য রাখেন। সভাপতির বক্তব্যে মাওলানা হাবিব বলেন, আমাদের দুঃখ হয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা নাস্তিক ও স্বাধীনতার শত্রুদের হাতে জিম্মি হয়ে গেছেন। তিনি বলেন, আওয়ামী লীগের রাজনীতি জনগণ টের পেয়ে গেছে। তিনি মহান আল্লাহর সাহায্য কামনা করে বলেন, হে আল্লাহ আমাদের মূর্তিপূজা থেকে রক্ষা ও জানমালের নিরাপত্তা দাও। মাওলানা হাবিব বলেন, প্রধানমন্ত্রী মাথার ওড়না-তাসবিহ ছেড়ে সিঁদুর ও কপালে তিলক পরেছেন। পশ্চিমবঙ্গে তাঁকে মুখ্যমন্ত্রী বলা হয়েছে। সমাবেশ শেষে এক বিরাট বিক্ষোভ মিছিল শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে রেজিস্টারী মাঠে দোয়ার মাধ্যমে শেষ হয়।